

## সাইদ খোকনের ইশতেহার (সংক্ষিপ্ত)

যানজটমুক্ত ঢাকা নগরী গড়ে তোলার প্রত্যয় ব্যক্ত করেছেন ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন নির্বাচনে আওয়ামী লীগ সমর্থিত মেয়র প্রার্থী মোহাম্মদ সাইদ খোকন। পুরান ঢাকাকে ‘স্বপ্নের ঢাকা’ হিসেবে গড়তে পাঁচটি ক্ষেত্রে উন্নয়নকে অগ্রাধিকার দিয়ে নির্বাচনী ইশতেহার ঘোষণা করেছেন তিনি।

নির্বাচনী ইশতেহারে পুরান ঢাকার সরু অলি-গলিসহ রাজধানীবাসীকে নিত্যদিন যানজটের যে বিড়ম্বনা পোহাতে হয়, তা থেকে উত্তরণকে সবচেয়ে বেশি গুরুত্ব দিয়েছেন সাইদ খোকন।

তার ইশতেহারে অগ্রাধিকার পাওয়া অন্য বিষয়গুলোর মধ্যে রয়েছে দূষণমুক্ত, নাব্য ও নিরাপদ বুড়িগঙ্গা, পানি, গ্যাস ও বিদ্যুৎ সেবা নিশ্চিত করা, পরিচ্ছন্ন, দূষণমুক্ত ও স্বাস্থ্যকর মহানগরী গড়ে তোলা এবং দুর্নীতি, সন্ত্রাস ও চাঁদাবাজির বিরুদ্ধে ‘যুদ্ধ’ ও নাগরিকদের নিরাপদ জীবন নিশ্চিত করা।

ইশতেহারে ‘ডিজিটাল মহানগরী’ গড়ে তোলা, সবার জন্য শিক্ষা নিশ্চিত করা, বস্তি উন্নয়ন ও দলিত-হরিজন সম্প্রদায়ের মানবিক মর্যাদা ও সুযোগের সমতা নিশ্চিত করা, আবাসন সমস্যার সমাধানে জরুরি পদক্ষেপ, ঐতিহ্য সংরক্ষণের যাবতীয় ব্যবস্থা গ্রহণ করা, অগ্নিকাণ্ড প্রতিরোধে ব্যবস্থা নেয়া, ক্রীড়া ও চিত্র বিনোদনের ব্যবস্থা নেয়া, কামরাস্ট্রীরচরের নতুন তিন ওয়ার্ডে নাগরিক সুবিধা নিশ্চিত করা, স্বাধীনভাবে সবার ধর্ম পালনের অধিকার নিশ্চিত করা এবং গণতান্ত্রিক নগর প্রশাসন গড়ে তোলারও প্রতিশ্রুতি দিয়েছেন সাইদ খোকন।

এক প্রশ্নের জবাবে খোকন বলেন, ‘সবার সহযোগিতা পেলে এক মেয়াদেই এসব কাজ করা সম্ভব।’

ইশতেহার ঘোষণা করে সাইদ খোকন বলেন, আমি আবাস্তব, কল্পনাবিলাসী এবং আকাশকুসুম কোনো ইশতেহার ঘোষণা করিনি। এটা বাস্তবায়ন করা অবশ্যই সম্ভব। এ অঙ্গীকার জীবনের বিনিময়ে হলেও আমি বাস্তবায়ন করব।

তার বাবা ঢাকার প্রথম নির্বাচিত মেয়র প্রয়াত মোহাম্মদ হানিফের স্মৃতিচারণ করে সাইদ খোকন বলেন, এ সময়ে আমার পাশে থাকার কথা ছিল আমার বাবারও। আমি তার অনুপস্থিতি ভীষণভাবে অনুভব করি। তবে সাহসী হই, যখন দেখি আপনারা (ঢাকাবাসী) আমার পাশে আছেন। আপনারাই আমার পিতা-অভিভাবক।

---

তথ্যসূত্র: <http://www.bonikbarta.com/2015-04-14/news/details/34040.html>